গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হাকিমপুর,দিনাজপুর
www.hakimpur.dinajpur.gov.bd

স্মারক নং-৩১.৫৫.২৭৪৭.০০০.০৩.০১৪.২৬- ৯৯৭ তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩২
০৩ মার্চ ২০২৬

**"১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে ২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ জলমহাল (২য় পর্যায়) ইজারার জন্য ম্যানুয়াল আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি"**

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং ১৫/০২/২০২৬ খ্রি. তারিখে ভূমি মন্ত্রনালয়ের সায়রাত-১ অধিশাখার ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০০১.২৬.১০১ নং পত্রের নির্দেশনা অনুযায়ী ২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ সরকারি খাস পুকুর /জলমহাল ইজারার জন্য অনলাইনে পুনরায় ইজারা বিজ্ঞপ্তি আহবানের আপাতত সুযোগ না থাকায় হাকিমপুর উপজেলাধীন নিম্নবর্ণিত ২৬ (ছাব্বিশ) টি বদ্ধ সরকারি খাস পুকুর /জলমহাল ২য় পর্যায়ে বাংলা ১৪৩৩-১৪৩৫ সন মেয়াদে ইজারা প্রদানের নিমিত্তে নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমবায় সমিতি/ সমিতি কর্তৃক ইজারার সাধারণ (ম্যানুয়াল) আবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সেপ্রেক্ষিতে হাকিমপুর উপজেলা থেকে সাধারণ (ম্যানুয়াল) আবেদনে ১৪৩২ বঙ্গাব্দে বদ্ধ সরকারি খাস পুকুর/জলমহাল ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষপঞ্জিকার মধ্যে নিষ্পত্তি করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে। আবেদনকারীগণ উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর এর অনুকূলে আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) ও জামানত বাবদ ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার-এর মূলকপি সিলগালাকৃত মুখবন্ধ খামে সংশ্লিষ্ট সমিতি ও পুকুরের নাম উল্লেখপূর্বক আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না। কোন জলমহাল ইজারা প্রদানের বিরুদ্ধে উপযুক্ত কর্তৃপক্ষ/বিজ্ঞ আদালত কর্তৃক কোন স্থগিতাদেশ/নিষেধাজ্ঞার আদেশ জারি হলে সে সকল জলমহালের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না। জলমহাল ইজারা বিজ্ঞপ্তিটি www.hakimpur.dinajpur.gov.bd ও www.acl.hakimpur.dinajpur.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। যে কোন আবেদন গ্রহণ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**ছক-১: ইজারা/বন্দোবস্তযোগ্য জলমহালের তালিকা**

| ক্রমিক | জলমহালের নাম | তফসিল | | | | পরিমাণ (একরে) | ১৪৩৩-১৪৩৫ সনের ইজারা মূল্য (০৩ বছরের জন্য) |
|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | | | |
| | | | | সাবেক | হাল | | |
| ১ | ২ | ৩(ক) | ৩(খ) | ৩(গ) | ৩(ঘ) | ৪ | ৫ |
| ১ | ছাতনী পুকুর-৩ | ছাতনী | ১ | ৪৫৯ | ১১২১ | ০.৪৭ | ৩,৮৮৫/- |
| ২ | ছাতনী পুকুর-৫ | ছাতনী | ১ | ১০৮৬ | ১০৪২ | ০.৩০ | ১০,১৮৫/- |
| ৩ | জসাহার | ছাতনী | ১ | ১০৮৩ | ১১৮৬ | ১.৫৩ | ১,১৫,৫০০/- |
| ৪ | ছাতনী পুকুর-৬ | ছাতনী | ১ | ৯৯১ | ১১১৮ | ০.৩১ | ৫,২৫০/- |
| ৫ | ছাতনী পুকুর-৭ | ছাতনী | ১ | ৯৮৭ | ১১১২ | ০.৩২ | ৫,৫৬৫/- |
| ৬ | পদ্মপুকুর | গোহাড়া | ১ | ৩০০ | - | ১.৪৪ | ৩১,৫০০/- |
| ৭ | মাকুরমুড়া-১ | মাকুরমুড়া | ১ | ৬৫ | ১৪৫,১৪৭ | ১.০০ | ৮,৮২০/- |
| ৮ | সাদুরিয়া পুকুর-১ | সাদুরিয়া | ১ | ৬২৪ | ১১১৪ | ০.২১ | ৪,২০০/- |
| ৯ | সাদুরিয়া পুকুর-২ | সাদুরিয়া | ১ | ৪৬ | ৬৮৪ | ০.৪০ | ৪,২০০/- |
| ১০ | সাদুরিয়া পুকুর-৩ | সাদুরিয়া | ১ | ৭১ | ৬৯৮ | ০.১৯ | ২,৪১৫/- |
| ১১ | সাদুরিয়া পুকুর-৭ | সাদুরিয়া | ১ | ৯২৮ | ৬৭২ | ০.৩৪ | ৩,৭৮০/- |
| ১২ | দক্ষিণ জামালপুর-১ | দক্ষিণ জামালপুর | ১ | ১৪৩ | ২৪৪ | ০.৩০ | ৩,৭৮০/- |
| ১৩ | কোদালধোয়া | ইটাই | ১ | ৪২৭ | ৩০৭ | ০.৮৭ | ৩৯,৩৭৫/- |
| ১৪ | খামারপুকুর | ইটাই | ১ | ৪২৪ | ৩০২ | ১.৬১ | ১,২১,২৭৫/- |
| ১৫ | ছাতনী পুকুর | ছাতনী | ১ | ১০২৪ | ৯৬৮ | ০.২৪ | ৪,৬২০/- |
| ১৬ | ছাতনী পুকুর-৮ | ছাতনী | ১ | ১৫৮ | ৫৫১ | ০.১১ | ১,১৫৫/- |
| ১৭ | ছাতনী পুকুর-৯ | ছাতনী | ১ | ১৯১ | ৬০২ | ০.০৯ | ১,১৫৫/- |
| ১৮ | ছাতনী পুকুর-১০ | ছাতনী | ১ | ৯৪৫ | ৯৫১ | ০.১০ | ১,১৫৫/- |
| ১৯ | খাট্টাউছনা পুকুর-১ | খাট্টাউছনা | ১ | ১৩৫৬ | - | ০.২২ | ৫,০৪০/- |
| ২০ | মুদ্যাকুড়ি পুকুর | খাট্টাউছনা | ১ | ৪৬৯ | - | ০.২৭ | ৩,৮৮৫/- |
| ২১ | ফেনদিয়া পুকুর | বৈগ্রাম | ১ | ২৫২ | - | ০.৫৬ | ১৩,৪৪০/- |
| ২২ | বামন পুকুর | বৈগ্রাম | ১ | ২৯২ | - | ০.৩৬ | ৮,৪০০/- |
| ২৩ | লোহাচড়া পুকুর | লোহাচড়া | ১ | ১২ | ৩০ | ০.৩০ | ২,২০৫/- |
| ২৪ | ইসমাইলপুর পুকুর-১ | ইসমাইলপুর | ১ | ১৬৩ | - | ০.২৯ | ৪,৭২৫/- |
| ২৫ | ইসমাইলপুর পুকুর-২ | ইসমাইলপুর | ১ | ১৭২ | - | ০.২২ | ৪,২০০/- |
| ২৬ | বাসুদেবপুর পুকুর-১ | বাসুদেবপুর | ১ | ১১৭৬ | - | ০.৫৬ | ৫,২৫০/- |

চলমান পাতা নং-০২

CamScanner

**ছক-২ (ক্যালেন্ডার/সময়সূচী)**

| আবেদনের পর্যায় | আবেদন ফরম বিক্রয়ের স্থান, তারিখ ও সময় (অফিস চলাকালিন) | আবেদন দাখিলের তারিখ ও সময় | আবেদন খোলা, যাচাই বাছাই ও অনুমোদনের তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ২য় | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় ০৫/০৩/২০২৬ খ্রি: হতে ১২/০৩/২০২৬ খ্রি: পর্যন্ত | ১৫/০৩/২০২৬ খ্রি: সকাল ১০.০০ টা হতে দুপুর ০১.০০ টা পর্যন্ত | ১৬/০৩/২০২৬ খ্রি: |

**ইজারার শর্তাবলী:**

১. আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট এর মূলকপি নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে সিলগালাকৃত খামে আবেদনের কপির সঙ্গে জমা দিতে হবে।

২. দাখিলকৃত মূল্যের ২০% হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি জামানত হিসাবে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে সিলগালাকৃত খামে আবেদনের কপির সঙ্গে জমা দিতে হবে।

৩. পূরণকৃত আবেদন ফরম প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ ছক-২ এর ৩ নং কলামে উল্লিখিত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর এর কার্যালয়ে রক্ষিত নির্ধারিত বাক্সে জমা প্রদান করতে হবে।

৪. জলমহালসমূহের ইজারা নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমবায় সমিতি/ সমিতির মধ্যে সীমাবদ্ধ থাকবে। তবে কোন মৎস্যজীবী সংগঠন/ সমবায় সমিতি এর নিকট হতে কোন পুকুর/জলমহালের ইজারা/বন্দোবস্তের আবেদন পাওয়া না গেলে সংশ্লিষ্ট পুকুর/জলমহালের চারপাশের নিকটবর্তী অবস্থানে বসবাসরত ক) বেকার যুবক; খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান; গ) যুব মহিলা; ঘ) বিধবা ও স্বামী পরিত্যাক্তা; ঙ) আনসার, ভিডিপি ও গ্রাম-পুলিশ সদস্য; চ) দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তি ইত্যাদির সমন্বয়ে গঠিত এবং সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতিকে সংশ্লিষ্ট জলমহাল/পুকুর ৩(তিন) বছর মেয়াদে ইজারা দেয়া যাবে।

৫. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী সংশ্লিষ্ট জলমহালের তীরবর্তী/ নিকটবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/ সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

৬. খামের উপরে আবেদনকারী সংগঠন/ সমিতির নাম ও আবেদনকৃত জলাশয়ের নাম (যদি থাকে) স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭. আবেদনকারী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/ সমিতিকে অবশ্যই সমবায় অধিদপ্তর হতে নিবন্ধন প্রাপ্ত হতে হবে।

৮. আবেদনকারী সমিতিকে অবশ্যই আবেদনের সহিত বিগত ২ (দুই) বৎসরের বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন সংযুক্ত করতে হবে। তবে নতুন নিবন্ধিত সমিতির ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।

৯. আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি, বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ উপজেলা সমবায় কর্মকর্তা/ সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করবে।

১০. নির্দিষ্ট ফরমে আবেদন পত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/ সমিতি তাদের সদস্যদের ঠিকানাসহ নামের তালিকা এবং নির্বাহী সদস্যদের ঠিকানাসহ নামের তালিকা সংযুক্ত করবে।

১১. আবেদন পত্রের সাথে সংগঠন/ সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।

১২. আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/ সমিতি ৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে আবেদনের সাথে সংশ্লিষ্ট জলমহাল এর মৎস্য চাষ/ উৎপাদন/ সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/ রূপরেখা সংযুক্ত করবেন।

১৩. আবেদন অসম্পুর্ণ থাকলে তা বাতিলযোগ্য হবে।

১৪. আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন / সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল ইজারা প্রাপ্তির অযোগ্য বিবেচিত হবে।

১৫. ইজারাপ্রাপ্ত মৎস্যজীবী সংগঠন/ সমিতিকে ইজারা মূল্য পরিশোধের সময় মোট ইজারা মুল্যের উপর সরকার নির্ধারিত হারে আয়কর এবং মূল্য সংযোজন কর প্রদান করতে হবে।

১৬. ইজারা মূল্য চলতি বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৭. ইজারা এর মেয়াদ ১ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত বলবৎ থাকবে। আবেদন যে তারিখেই অনুমোদিত হউক না কেন তা ১ বৈশাখ ১৪৩৩ হতে কার্যকর হবে এবং ৩০ চৈত্র ১৪৩৫ তারিখে শেষ হবে।

১৮. আবেদনপত্র অনুমোদনের ৫ (পাঁচ) দিনের মধ্যে ইজারামূল্য পরিশোধের পর কর্তৃপক্ষের সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

১৯. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/ সমিতি/ সংগঠন দু'টির অধিক জলমহাল ইজারা পাবে না।

২০. চুক্তি সম্পাদনের পর আনুষ্ঠানিকভাবে জলমহালের দখল হস্তান্তর করা হবে। চুক্তির শর্ত ভঙ্গ না করলে মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত উক্ত ইজারা বলবৎ থাকবে।

২১. ইজারাগ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/ সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ বা অন্য কোন ব্যক্তি/ গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে তাহলে উক্ত লীজ বাতিল হবে এবং জামানতসহ জমাকৃত ইজারামূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজগ্রহিতা মৎস্যজীবী সংগঠন/ সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

২২. ইজারাযোগ্য জলাশয়/ পুকুরের আয়তন ব্যতিত বাড়ী বা সংলগ্ন পতিত জমি ইজারার আওতাভুক্ত হবে না।

২৩. ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারার মেয়াদ শেষে জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/অধিকার স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে সরকারের নিকট ন্যস্ত হবে।

২৪. ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা হবে না।

২৫. সরকারি জলমহালের পাড়ে সামাজিক বনায়নের মাধ্যমে বনজ সম্পদ বৃদ্ধির জন্য ইজারা গ্রহিতা সমিতি চুক্তিবদ্ধ থাকবে।

২৬. ইজারাকৃত জলমহালে কোন রাক্ষুসে মাছ চাষ করা যাবে না।

২৭. ইজারাকৃত জলমহালের কোথাও প্রবহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না।

২৮. যে সকল জলমহালসমূহ থেকে জমিতে সেচ প্রদানের সুযোগ রয়েছে, সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না।

CamScanner

২৯. বর্ষা মৌসুমে যদি কোন ইজারাকৃত জলমহাল সংলগ্ন প্লাবনভূমির সাথে প্লাবিত হয়ে একক জলাশয়ে রূপ নেয়, তখন ইজারাদারের মৎস্য আহরণ অধিকার কেবল ইজারাকৃত জলাশয়ের সীমানার ভিতর সীমাবদ্ধ থাকবে।

৩০. ইজারাকৃত জলাশয়ে কেউ অতিথি পাখিসহ কোন পাখি শিকার করতে পারবে না।

৩১. যে কোন আবেদন কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৩২. কোন জলমহাল ইজারা প্রদানের বিরুদ্ধে উপযুক্ত কর্তৃপক্ষ/ বিজ্ঞ আদালত কর্তৃক কোন স্থগিতাদেশ/নিষেধাজ্ঞার আদেশ জারি হলে সে সকল জলমহালের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

৩৩. এ ইজারা বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এরূপ কোন বিষয়ে কোন সমস্যা দেখা দিলে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং প্রচলিত অন্যান্য বিধি-বিধান মোতাবেক সিদ্ধান্ত গৃহীত হবে।

০৩/০৩/২৫

অশোক বিক্রম চাকমা
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
হাকিমপুর,দিনাজপুর

স্মারক নং-৩১.৫৫.২৭৪৭.০০০.০৩.০১৪.২৬- ১২৭/১(৪৫) তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩২ / ০৩ মার্চ ২০২৬

**অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা প্রশাসক, দিনাজপুর।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুর।
৩। প্রশাসক, উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর ও উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।
৪। সহকারী কমিশনার (আইসিটি শাখা), জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি জেলা তথ্য বাতায়নে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৫। উপজেলা ............................................................ কর্মকর্তা (সকল), হাকিমপুর, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
৬। চেয়ারম্যান, ............................................................ ইউনিয়ন পরিষদ (সকল), হাকিমপুর, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নের ইউনিয়ন তথ্য বাতায়নে প্রকাশসহ ইউনিয়নের গুরুত্বপূর্ণ স্থান ও হাট-বাজারে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৭। ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তা, ............................................... ইউনিয়ন ভূমি অফিস, (সকল) হাকিমপুর, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি তার আওতাধীন সকল হাট/বাজারে ও সংশ্লিষ্ট পুকুর পাড়ে ঢোল সহরতের মাধ্যমে প্রচারান্তে প্রতিবেদন নির্ধারিত তারিখের পূর্বেই অত্রাফিসে দাখিল করার জন্য বলা হলো।
৮। সভাপতি/সম্পাদক, ................................................................................................................ হাকিমপুর, দিনাজপুর।
৯। প্রাক্তন ইজারাদার, .............................................................................................................. হাকিমপুর, দিনাজপুর।
১০। জনাব ............................................................................................................................ হাকিমপুর, দিনাজপুর।
১১। এ কার্যালয়ের নোটিশ বোর্ড।
১২। অফিস কপি।

০৩/০৩/২৫

উপজেলা নির্বাহী অফিসার
হাকিমপুর, দিনাজপুর।

CS CamScanner